যায়যায়দিন

তারিখ 29 NOV 2006
পৃষ্ঠা ৯ কলাম ৩

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# রেজাল্ট প্রকাশে অর্ডিন্যান্স মানছেন না শিক্ষকরা

গোকুল চন্দ্র বিশ্বাস বাকৃবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার সিস্টেমে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফল প্রকাশে বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স মানা হচ্ছে না। পরীক্ষা শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে ফল প্রকাশের কথা থাকলেও সেমিস্টার পদ্ধতি প্রবর্তনের পর থেকে এখন পর্যন্ত তার বাস্তবতা চোখে পড়েনি। ফলে শিক্ষার্থীরা প্রতিনিয়ত একাডেমিক জটিলতায় পড়ছে।

জানা যায়, ২০০৩ সালের ১১ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ২৬০তম সিন্ডিকেটে পাসকৃত সেমিস্টার সিস্টেম সম্পর্কিত অর্ডিন্যান্সে ১০(সি) অনুযায়ী পরীক্ষা শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে ফল ঘোষণার বিধান রয়েছে। কিন্তু ২০০২ সালে বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতি প্রবর্তনের পর থেকে কোনো সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফল এ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকাশ করা হয়নি।

অনুসন্ধানে জানা যায়, কিছু শিক্ষক নির্দিষ্ট সময়ে খাতা ও নাম্বারপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা না দেয়ায় সামগ্রিক ফলাফল যথাসময়ে প্রকাশ করা সম্ভব হচ্ছে না। কোনো কোনো শিক্ষক আবার নাম্বারপত্র ও গ্রেডশিট জমা দেন নির্দিষ্ট সময়ের অনেক পরে। কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ, মৎস্যবিজ্ঞান অনুষদ, পশুপালন অনুষদ এবং ভেটেরিনারি অনুষদের সেমিস্টার ফাইনাল পরীক্ষা দুই মাস আগে শেষ হলেও এখন পর্যন্ত ফল ঘোষণা করা সম্ভব হয়নি। পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় সূত্রে জানা যায়, পশুপালন অনুষদের কিসিএইচইএম-১১৩, এএন-২১১, মৎস্যবিজ্ঞান অনুষদের একিউ-৩১১, একিউ-৩১২ ও একিউ-৩১৩ কোর্সের ফুড টেকনলজি বিভাগের চারটি কোর্সের এবং কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগের অ্যাগৃ-এক্সটেন-৩২১ কোর্সের নাম্বার ও গ্রেডশিট পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে এখন পর্যন্ত জমা দেয়া হয়নি। ফলে সংশ্লিষ্ট লেভেলের সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফল প্রকাশ সম্ভব হয়নি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মু. মুখলেসুর রহমান যায়যায়দিনকে জানান, ফল প্রকাশ একটা টিমওয়ার্ক। শিক্ষকদের তরফ থেকে যথাসময়ে নাম্বারপত্র ও গ্রেডশিট পেলে আমরা ২৪ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করতে পারি।

এদিকে ডিন কাউন্সিলের আহ্বায়ক ও মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. বজলুর রশীদ চৌধুরী বলেন, শিক্ষার্থীদের বৃহৎ স্বার্থের কথা বিবেচনা করে শিক্ষকরা সচেতনতার সঙ্গে দায়িত্ব পালন করলে এ সমস্যা থাকবে না।